



ঋণখেলাপিদের জন্য পরবর্তী বাংলাদেশ জাহান্নাম: হাসনাত



হাসনাত আব্দুল্লাহ। ছবি: সংগৃহীত

কুমিল্লা-৪ আসনে ১১-দলীয় জোটের প্রার্থী ও এনসিপি নেতা হাসনাত আব্দুল্লাহ বলেছেন, ব্যাংক ডাকাত ও ঋণখেলাপিদের জন্য নির্বাচিত হলে পরবর্তী বাংলাদেশ জাহান্নাম বানাবেন। তিনি এ মন্তব্য করেছেন বিএনপির মনোনীত প্রার্থী মঞ্জুরুল আহসান মুন্সীর প্রার্থিতা বাতিলের পর।

রোববার (১ ফেব্রুয়ারি) আপিল বিভাগ মঞ্জুরুলের প্রার্থিতা বাতিল রাখার পর সাংবাদিকদের সঙ্গে আলাপে হাসনাত আব্দুল্লাহ বলেন, “আজকের আদেশে জনগণের জয় হয়েছে; জালিমের বিরুদ্ধে মজলুমের জয়।” তিনি আরও যোগ করেন, ব্যাংক ডাকাতি করে কেউ জনগণের ভোটে সংসদে যেতে পারবে না।

এর আগে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে কুমিল্লা-৪ আসনে বিএনপির মনোনীত প্রার্থী মঞ্জুরুল আহসান মুন্সীর মনোনয়নপত্র বাতিলের জন্য ইসিতে আবেদন করেন হাসনাত আব্দুল্লাহ। ১৭ জানুয়ারি ইসি মনোনয়নপত্র বাতিলের ঘোষণা দেয়। পরবর্তীতে হাইকোর্ট রিট খারিজ করলে মঞ্জুরুল আপিল বিভাগে আবেদন করেন। রোববার প্রধান বিচারপতি জুবায়ের রহমান চৌধুরীর নেতৃত্বাধীন বেঞ্চ আপিল বিভাগে আবেদন খারিজ করেন।

আদালতে মঞ্জুরুলের পক্ষে ছিলেন অ্যাডভোকেট আহসানুল করিম ও সাইফুল্লাহ আল মামুন, আর হাসনাত আব্দুল্লাহর পক্ষে ছিলেন অ্যাডভোকেট মোহাম্মদ হোসেন লিপু ও জহিরুল ইসলাম মুসা।